



# জাতীয় বিশ্ববিদ্যালয়

NOTICE\_MASTER'S\_PRELIMINARY\_2018\_2019

সূত্র- ১৬(৬৯৩)জাতী:বি:/রেজি:/একা:/প্রিলিমিনারী টু মাস্টার্স/২০১৮-২০১৯/৪৬২৬

তারিখ: ১২/১০/২০২০

## ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে বিষয়ভিত্তিক ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি ফরম পূরণ ও কলেজ কর্তৃক ভর্তি নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ বৈশ্বিক মহামারির কারণে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে বিষয়ভিত্তিক ১ম মেধা তালিকার ভর্তি কার্যক্রম ১৯ মার্চ ২০২০ তারিখ থেকে স্থগিত করা হয়। উল্লিখিত তারিখ পর্যন্ত এ ভর্তি কার্যক্রমে যে সকল শিক্ষার্থী ১ম মেধা তালিকায় স্থান পেয়েও অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করেনি অথবা চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করলেও তা সংশ্লিষ্ট কলেজে জমা দেয়নি, সে সকল শিক্ষার্থীকে ১৪ অক্টোবর বিকাল ৪টা থেকে ২১ অক্টোবর ২০২০ তারিখ রাত ১২টার মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) থেকে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে বলা হলো। পরবর্তীতে এ সকল শিক্ষার্থীকে রেজিস্ট্রেশন ফিসহ চূড়ান্ত ভর্তি ফরমের প্রিন্ট কপি অবশ্যই ১৫-২২ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কলেজে জমা দিতে হবে। উল্লেখ্য যে, এ ভর্তি কার্যক্রমে যে সকল শিক্ষার্থী যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে ইতোমধ্যে ভর্তি হয়েছে সে সকল শিক্ষার্থীকে পুনরায় চূড়ান্ত ভর্তি ফরম ও রেজিস্ট্রেশন ফি স্ব স্ব কলেজে জমা দিতে হবে না। ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে বিষয়ভিত্তিক ১ম মেধা তালিকার ফলাফল SMS ([nu<space>atmp<space>roll no](http://nu.ac.bd/atmp/rollno)) টাইপ করে 16222 নাম্বারে send করতে হবে) এর মাধ্যমে অথবা ভর্তি বিষয়ক ওয়েবসাইটে ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) থেকে জানা যাবে। উল্লেখ্য যে, জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি হতে পারবে না অর্থাৎ দ্বৈত ভর্তি গ্রহণযোগ্য হবে না।

বিঃদ্র: সংশ্লিষ্ট সকলকে কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি মেনে এ ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে

ক্রমিক	বিবরণ	তারিখ
ক)	১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট কপি সংগ্রহের তারিখ: শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের ( <a href="http://www.nu.ac.bd/admissions">www.nu.ac.bd/admissions</a> ) Applicant Login অপশন থেকে Masters Preli. (Regular) Login লিংকে ক্লিক করে ভর্তি ফরম পূরণ করতে হবে।	১৪/১০/২০২০ থেকে ২১/১০/২০২০
খ)	১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি ৮৩৫/- (আটশত পঁয়ত্রিশ) টাকাসহ চূড়ান্ত ভর্তি ফরমের প্রিন্ট কপি সংশ্লিষ্ট কলেজে জমা দেয়ার তারিখ:	১৫/১০/২০২০ থেকে ২২/১০/২০২০
গ)	কলেজ কর্তৃক ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের তারিখ:	১৫/১০/২০২০ থেকে ২৪/১০/২০২০
ঘ)	কলেজ কর্তৃক ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ [জনপ্রতি ৮৩৫/- (আটশত পঁয়ত্রিশ) টাকা হারে] "সোনালী সেবা" এর মাধ্যমে যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ: এ লক্ষ্যে কলেজ কর্তৃপক্ষকে college Login অপশনের এর মাধ্যমে Admission Payment Info (Preli.) অপশনে ক্লিক করে Pay Slip (সঞ্চয়ী হিসাব নম্বর- 021810000134) ডাউনলোড করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে যে কোন 'সোনালী সেবা' প্রদানকারী নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় নির্ধারিত ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।	২৭/১০/২০২০ থেকে ০২/১১/২০২০

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মো: আনোয়ার হোসেন)

ডিন (ভারপ্রাপ্ত)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

ই-মেইল: [pgdeanoffice@gmail.com](mailto:pgdeanoffice@gmail.com)

ফোন : ৯২৯১০৭৪

সূত্র- ১৬(৬৯৩)জাতী:বি:/রেজি:/একা:/প্রিলিমিনারী টু মাস্টার্স/২০১৮-২০১৯/৪৬২৬

তারিখ: ১২/১০/২০২০

অনুলিপি:

- ১। পরিচালক, তথ্য প্রযুক্তি দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ২। পরিচালক, অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। পরিচালক, জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সচিব, ভাইস চ্যান্সেলরের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলরের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৮। অফিস কপি

উপ-রেজিস্ট্রার (মাস্টার্স)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪